অতিব জরুরী
ইমেইল যোগে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলাপ্রশাসকের কার্যালয়
বান্দরবান পার্বত্য জেলা
(ত্রাণ ও পুনর্বাসন শাখা)
www.bandarban.gov.bd

স্মারক : ৫১.০১.০৩০০.০০০.৪১.০৪০.২৪. ১২৭

তারিখ: ১৪ চৈত্র ১৪৩০
২৮ মার্চ ২০২৪

বিষয় : **২০২৩-২০২৪ অর্থ বছরে আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর, ২০২৪ উপলক্ষ্যে উপজেলা ও পৌরসভাওয়ারী ভিজিএফ খাদ্যশস্য সহায়তা প্রদান।**

সূত্র : দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের পত্র : ৫১.০১.০০০০.০১৮.২০.০৩৬.২৩.১৫: ২৭ মার্চ ২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত স্মারকের পরিপ্রেক্ষিতে ২০২৩-২০২৪ অর্থ বছরে আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর, ২০২৪ উপলক্ষ্যে ভিজিএফ কর্মসূচীর আওতায় প্রতি কার্ডের বিপরীতে ১০ (দশ) কেজি হারে বিতরণের নিমিত্ত **এ জেলার ৭টি উপজেলার মোট ৬৪৬৬৬ টি কার্ডের বিপরীতে ৬৪৬.৬৬০ (ছয়শত ছিচল্লিশ দশমিক ছয় ছয় শূন্য) মে:টন চাল এবং "ক" ক্যাটাগরী হিসেবে বান্দরবান পৌরসভার ৪৬২১ কার্ডের বিপরীতে ৪৬.২১০ (ছিচল্লিশ দশমিক দুই এক শূন্য) মে:টন চাল ও "খ" ক্যাটাগরী হিসেবে লামা পৌরসভার ৩০৮১ টি কার্ডের বিপরীতে ৩০.৮১০ (ত্রিশ দশমিক আট এক শূন্য) মে:টন চাল এর বরাদ্দ পাওয়া যায়।** উক্ত খাদ্যশস্য হতে কার্ড প্রতি ১০ (দশ) কেজি হারে বিতরণের নিমিত্ত নিম্নবর্ণিত উপজেলাসমূহের পার্শ্বে বর্ণিত পরিমাণ খাদ্যশস্য সংশ্লিষ্ট উপজেলার উপজেলা নির্বাহী অফিসারগণের অনুকূলে এবং পৌরসভাদ্বয়ের পার্শ্বে বর্ণিত পরিমাণ খাদ্যশস্য পৌরসভার মেয়রদ্বয় বরাবরে উপ-বরাদ্দ প্রদান করা হলো। **বরাদ্দকৃত ভিজিএফ চাল নিম্নোক্ত শর্তাবলি অনুসরণ করে বিতরণ করতে হবে এবং আগামী ০৩/০৪/২০২৪ খ্রি. তারিখের মধ্যে উত্তোলনসহ বিতরণ নিশ্চিত করতে হবে।**

**(ক) উপজেলার বরাদ্দ :**

| ক্রমিক | উপজেলার নাম | জনসংখ্যা | দারিদ্র্যের হার | দরিদ্র জনসংখ্যা | ইউনিয়ন সংখ্যা | ভিজিএফ কার্ড সংখ্যা | উপ-বরাদ্দকৃত চাল এর পরিমাণ (মে:টন) |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | আলীকদম | ৪৯৩১৭ | ৬৯.১০% | ৩৪০৭৮ | ০৪ | ১১৪৪০ | ১১৪.৪০০ |
| ২ | বান্দরবান সদর | ৩৭০৯৯ | ৩৭.৩০% | ১৩৮৩৮ | ০৫ | ৩৪৯০ | ৩৪.৯০০ |
| ৩ | লামা | ৮৯৯৮১ | ৬১.৩০% | ৫৫১৫৮ | ০৭ | ১৮৫১৭ | ১৮৫.১৭০ |
| ৪ | নাইক্ষ্যংছড়ি | ৬১৭৮৮ | ৬৫.৮০% | ৪০৬৫৭ | ০৫ | ১৩৬৪৯ | ১৩৬.৪৯০ |
| ৫ | রোয়াংছড়ি | ২৭২৬৪ | ৫৪.১০% | ১৪৭৫০ | ০৪ | ৪৯৫২ | ৪৯.৫২০ |
| ৬ | রুমা | ২৯০৯৮ | ৬৬.১০% | ১৯২৩৪ | ০৪ | ৬৪৫৭ | ৬৪.৫৭০ |
| ৭ | থানচি | ২৩৫৯১ | ৭৭.৮০% | ১৮৩৫৪ | ০৪ | ৬১৬১ | ৬১.৬১০ |
| | মোট= | ৩১৮১৩৮ | | ১৯৬০৬৯ | ৩৩ | ৬৪৬৬৬ | ৬৪৬.৬৬০ |

**(খ) পৌরসভার বরাদ্দ :**

| ক্রমিক | পৌরসভার নাম | শ্রেণী | ভিজিএফ কার্ড সংখ্যা | উপ-বরাদ্দকৃত চাল এর পরিমাণ (মে:টন) |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | বান্দরবান পৌরসভা | "ক" | ৪৬২১ | ৪৬.২১০ |
| ২ | লামা পৌরসভা | "খ" | ৩০৮১ | ৩০.৮১০ |
| | মোট= | | ৭৭০২ | ৭৭.০২০ |

**শর্তাবলী :**

০১। ভিজিএফ চাল বরাদ্দের বিষয়ে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারগণ মাননীয় সংসদ সদস্যকে অবহিত করবেন।

০২। ভিজিএফ উপকারভোগী বাছাইয়ের ক্ষেত্রে নিম্নরূপ শর্তাবলী অনুসরণ করতে হবে।

(ক) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ২০১৬ এর তথ্য অনুযায়ী ইউনিয়ন ও ওয়ার্ড ভিত্তিক বরাদ্দকৃত ভিজিএফ কার্ড সংখ্যা পুনঃ বিভাজন করে তালিকা প্রস্তুত করতে হবে। www.bbs.gov.bd এ ওয়েবসাইটে লগইন করে জনসংখ্যার তথ্য পাওয়া যাবে।

(খ) দুঃস্থ/অতিদরিদ্র ব্যক্তি/পরিবারকে এ সহায়তা প্রদান করতে হবে। তবে সাম্প্রতিক প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত দুঃস্থ/অতিদরিদ্রকে অগ্রাধিকার দিতে হবে।

(গ) নিম্নোক্ত শর্তাবলীর মধ্যে কমপক্ষে ৪টি শর্ত পূরণ করে এমন ব্যক্তি/পরিবার, দুঃস্থ /অতিদরিদ্র বলে গণ্য হবে।

১. যে পরিবারের মালিকানায় কোন জমি নেই বা ভিটাবাড়ী ছাড়া কোন জমি নেই।

চলমান পাতা-২

২. যে পরিবার দিনমজুরের আয়ের উপর নির্ভরশীল।
৩. যে পরিবার মহিলা শ্রমিকের আয় বা ভিক্ষাবৃত্তির উপর নির্ভরশীল।
৪. যে পরিবারের উপার্জনক্ষম পূর্ণবয়স্ক কোন পুরুষ সদস্য নেই এবং পরিবারটি অস্বচ্ছল।
৫. যে পরিবারে স্কুলগামী শিশুকে উপার্জনের জন্য কাজ করতে হয়।
৬. যে পরিবারে উপার্জনশীল কোন ব্যক্তি নেই।
৭. যে পরিবারের প্রধান স্বামী পরিত্যক্তা, বিচ্ছিন্ন বা তালাকপ্রাপ্তা মহিলা এবং পরিবারটি অস্বচ্ছল।
৮. যে পরিবারের প্রধান অসচ্ছল মুক্তিযোদ্ধা।
৯. যে পরিবারের প্রধান অসচ্ছল ও অক্ষম প্রতিবন্ধি।
১০. যে পরিবার কোন ক্ষুদ্র ঋণ প্রাপ্ত হয়নি।
১১. যে পরিবার প্রাকৃতিক দুর্যোগের শিকার হয়ে চরম খাদ্য/অর্থ সংকটে পড়েছে।
১২. যে পরিবারের সদস্যরা বছরের অধিকাংশ সময় দু'বেলা খাবার পায় না।

(ঘ) ইউনিয়ন/পৌরসভা ভিজিএফ কমিটি কর্তৃক প্রকাশ্য সভায় বর্ণিত তালিকা প্রণীত ও প্রত্যায়িত হতে হবে।

(ঙ) উপকারভোগীদের তালিকা এমনভাবে করতে হবে যাতে কোন অবস্থাতেই একই পরিবারের একাধিক ব্যক্তি ভিজিএফ বরাদ্দ না পায়।

০৩। বরাদ্দকৃত চালের ব্যয় চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরের ১৪৯০১০১-১২০০০১৯০৩ ভিজিএফ কার্যক্রম-অনগদ সামাজিক সহায়তা সুবিধাদি-৩৭২২১০১ ত্রাণ কার্য(চাল) খাত হতে নির্বাহ করতে হবে।

স্বা-

**মোহাম্মদ মোজাহেরুল হক**
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (অ: দা:)
জেলাপ্রশাসকের পক্ষে
বান্দরবান পার্বত্য জেলা।
মোবাইল: ০১৭০০৭১৬৬৯৫
টেলিফোন: ০২৩৩৩৩০২৭১৯
email: drrobandarban83@gmail.com

০১। **মেয়র**
বান্দরবান পৌরসভা, বান্দরবান পার্বত্য জেলা।

০২। **উপজেলা নির্বাহী অফিসার**
বান্দরবান সদর/রুমা/রোয়াংছড়ি/থানচি/লামা/আলীকদম/নাইক্ষ্যংছড়ি উপজেলা, বান্দরবান পার্বত্য জেলা।

০৩। **মেয়র**
লামা পৌরসভা, বান্দরবান পার্বত্য জেলা।

স্মারক : ৫১.০১.০৩০০.০০০.৪১.০৪০.২৪. **১২৭**

তারিখ: ১৪ চৈত্র ১৪৩০
২৮ মার্চ ২০২৪

**সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

০১। মাননীয় সংসদ সদস্য, ৩০০-বান্দরবান।
০২। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৪। পরিচালক (ভিজিডি), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
০৫। উপজেলা পরিষদ চেয়ারম্যান, বান্দরবান সদর/রুমা/রোয়াংছড়ি/থানচি/লামা/আলীকদম/নাইক্ষ্যংছড়ি উপজেলা, বান্দরবান পার্বত্য জেলা।
০৬। সহকারী কমিশনার (গোপনীয়)- (জেলাপ্রশাসক মহোদয় এর সদয় অবগতির জন্য)।
০৭। সহকারী কমিশনার, আইসিটি, বান্দরবান কালেক্টরেট, বান্দরবান পার্বত্য জেলা- (উপ-বরাদ্দপত্রটি জেলাপ্রশাসক মহোদয়ের ওয়েবসাইটে Upload করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
০৮। জেলা খাদ্য নিয়ন্ত্রক, বান্দরবান পার্বত্য জেলা।
০৯। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,বান্দরবান সদর/রুমা/রোয়াংছড়ি/থানচি/লামা/আলীকদম/নাইক্ষ্যংছড়ি উপজেলা, বান্দরবান পার্বত্য জেলা।
১০। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বান্দরবান সদর/রুমা/রোয়াংছড়ি/থানচি/লামা/আলীকদম/নাইক্ষ্যংছড়ি উপজেলা, বান্দরবান পার্বত্য জেলা।

২৮.০৩.২৪

**মোহাম্মদ মোজাহেরুল হক**
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (অ: দা:)